

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd



স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১২৪.২৬/৭৮৪(৫)


তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর আওতায় Online Software ব্যবহার করে ইংলিশ মিডিয়াম স্কুল (O level এবং A level) এর তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর আওতায় আগামী ০১ অক্টোবর ২০২৬ থেকে ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত সময়ে দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যসংগ্রহ কার্যক্রম Online Software এর মাধ্যমে সারা দেশে একযোগে পরিচালিত হবে। শিক্ষা জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ করে ব্যানবেইস প্রতি বছর Bangladesh Education Statistics শিরোনামে প্রতিবেদন প্রকাশ করে। উক্ত প্রতিবেদনে উপস্থাপিত তথ্যের ভিত্তিতে শিক্ষাখাতের মানোন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা, নীতি-কৌশল প্রণয়নসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়।

২। তথ্য প্রদানের সময় Login করতে ব্যানবেইস এর ওয়েবসাইট (www.banbeis.gov.bd)-এ প্রবেশ করে শিক্ষা জরিপ ২০২৬ মেনুতে ক্লিক করে User ID হিসেবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এবং ব্যানবেইসের সার্ভারে সংরক্ষিত শিক্ষা প্রতিষ্ঠানের মোবাইল নাম্বারে এসএমএস-এর মাধ্যমে প্রেরিত পাসওয়ার্ড ব্যবহৃত হবে। উল্লেখ্য, জরিপ চলাকালীন প্রতিবার লগইন-এর ক্ষেত্রে একই পাসওয়ার্ড প্রযোজ্য হবে।

৩। বর্ণিতাবস্থায়, আগামী ০১ অক্টোবর ২০২৬ থেকে ৩১ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে দেশের সকল ইংলিশ মিডিয়াম স্কুল (O level এবং A level) এর তথ্য Online Software (www.banbeis.gov.bd) ব্যবহার করে ব্যানবেইস এর সার্ভারে আপলোড নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ইংলিশ মিডিয়াম স্কুল সম্পর্কিত জরিপ তথ্যছক ও ফরম (তথ্যছক) পূরণ নির্দেশিকা (Manual) ব্যানবেইস এর ওয়েবসাইটে পাওয়া যাবে।



(প্রফেসর রুনা নাছরীন)

চীফ, পরিসংখ্যান বিভাগ

ফোন: +৮৮-০২- ৪১০৬০৭১৫

E-mail: chief_stat@banbeis.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, ...

২। অধ্যক্ষ, ...

৩। প্রধান শিক্ষক, ...

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
- ৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ...
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল;
- ৫। জেলা শিক্ষা অফিসার
- ৬। প্রোগ্রামার-১, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....;
- ৮। সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস (সকল);
- ৯। অফিস নথি।